গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
Website: www.waqf.gov.bd

স্মারক নম্বর-১৬.০২.০০০০.০০১.১৮.০২৯.৯০/৩১০

তারিখ : ৩০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূন্য পদগুলো সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদসংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৫০ শব্দ, ইংরেজি-৮০ শব্দ থাকতে হবে:<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে;<br>ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | সকল বিভাগ/জেলা |
| ২. | কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | সকল বিভাগ/জেলা |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, | চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগের সকল জেলা ব্যতীত অন্যান্য বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে:<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে;<br>ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | হিসাব নিরীক্ষক (অডিটর)<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৪<br>(চার) টি | ১৮-৩০ বছর | বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশ। | ময়মনসিংহ, রাজশাহী ও বরিশাল বিভাগের সকল জেলা এবং চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, কুমিল্লা ও নোয়াখালী জেলার প্রার্থীগণ ব্যতীত অন্যান্য বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৫. | ড্রাইভার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক) টি | ১৮-৩০ বছর | অষ্টম/জেএসসি বা সমমানের পরীক্ষায় পাশ ও বৈধ লাইসেন্সসহ মোটর গাড়ী চালনায় ৫ বৎসরের অভিজ্ঞতা। | ঢাকা ও রংপুর বিভাগের সকল জেলার প্রার্থীগণ ব্যতীত অন্যান্য বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল:<br>৮,২৫০-২০,০১০/- | ০৮<br>(আট) টি | ১৮-৩০ বছর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ময়মনসিংহ, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের সকল জেলা এবং ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল জেলা এবং রংপুর বিভাগের গাইবান্ধা জেলার প্রার্থীগণ ব্যতীত অন্যান্য বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭. | পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০<br>বেতন স্কেল:<br>৮,২৫০-২০,০১০/- | ০১<br>(এক) টি | ১৮-৩০ বছর | অষ্টম/জেএসসি বা সমমানের পরীক্ষায় পাশ | সকল বিভাগ/জেলা |

১. সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। ফরমটি বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের website : www.waqf.gov.bd হতে ডাউনলোড করা যাবে।
২. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১-৫নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং ৬-৭নং ক্রমিকের জন্য ৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৪. আবেদনকারীর বয়স ০৮/০৩/২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৫. একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন।
৬. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৭. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা এবং নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
৮. আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৮"×৪" সাইজের ডাকটিকেটযুক্ত ফেরত খাম সংযুক্ত করে দিতে হবে। আবেদনপত্রে খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
৯. যে কোনো ধরণের তদবির অথবা সুপারিশ চাকরি প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১০. আবেদনপত্র ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়, ৪ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ০৮/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১৩. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ